# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ৬/IAN-২০৫৮ তারিখ ঃ ১০/১০/২০২২

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ** ঃ উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় ঃ **বগুড়া জেলার সোনাতলা উপজেলাধীন জাহাঙ্গীর আলম গুড মর্নিং স্কুল এন্ড কলেজ নামে নতুন প্রতিষ্ঠান স্থাপন-এর অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০২৮.১৭(অংশ)-১১৪ তারিখ ঃ ২৬ ফেব্রুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বগুড়া জেলার সোনাতলা উপজেলাধীন **"জাহাঙ্গীর আলম গুড মর্নিং স্কুল এন্ড কলেজ"** স্থাপনের যথার্থতা যাচাই এর লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

০৬/১০/২০২২
**(প্রফেসর মোঃ হাবিবুর রহমান)**
আই ডি নং- ৪৫৬০
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০২৫৮৮৮৫৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ছক - (ক)
## বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান
## পরিদর্শন ছক

| | |
|---|---|
| বিদ্যালয়ের নাম (প্রস্তাবিত) | : **জাহাঙ্গীর আলম গুড মর্নিং স্কুল এন্ড কলেজ** |
| বিদ্যালয়ের ঠিকানা | : ডাকঘর : সোনাতলা, উপজেলা : সোনাতলা, জেলা : বগুড়া |
| ই-মেইল ঠিকানা | : goodmorningschoolandcollege@gmail.com |
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | : হোসনে আরা আরজু<br>উপ-বিদ্যালয় পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী |
| পরিদর্শনের তারিখ | : ০৬/০৮/২০২২ খ্রি: |

| ক্র: নং | বিষয় | নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ | বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত |
|---|---|---|---|---|
| ১. | প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল) | পৌর: ১ কি: মি:<br>মফস্বল: ৩ কি: মি: | পৌর এলাকায় অবস্থিত | শর্ত পূরণকৃত |
| ২. | বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব | পৌর: ১ কি: মি:<br>মফস্বল: ৩ কি: মি: | দিক / বিদ্যালয়ের নাম / প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব<br>উত্তর / কামালেরপাড়া উচ্চ বিদ্যালয়, সাঘাটা, গাইবান্ধা / ৮.০০ কি: মি:<br>দক্ষিণ / সবুজ সাথী উচ্চ বিদ্যালয়, সোনাতলা, বগুড়া / ১.৩০ কি:মি:<br>পূর্ব / শালিখা উচ্চ বিদ্যালয়, সোনাতলা, বগুড়া / ৭.০০ কি: মি:<br>পশ্চিম / সরকারী সোনাতলা মডেল স্কুল এন্ড কলেজ, বগুড়া / ১.০০ কি: মি: | উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়া-এর সনদ মূলে, তারিখ- ২২/০৮/২০২২ |
| ৩. | প্রস্তাবিত উপজেলার মোট জনসংখ্যা | | বগুড়া জেলার সোনাতলা উপজেলার মোট জনসংখ্যা- ১,৯৪,২৩৪ জন।<br>(২০১১ সালের আমশুমারী অনুযায়ী) | উপজেলা পরিসংখ্যান অফিসার, সোনাতলা, বগুড়া-এর সনদ মূলে, তারিখ- ০৭/০৮/২০২২ |
| ৪. | প্রস্তাবিত উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা | | বগুড়া জেলার সোনাতলা উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা- ২৪ টি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনাতলা, বগুড়া-এর সনদ মূলে, তারিখ- ১৬/০৮/২০২২ |
| ৫. | প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা | | ০৪ টি<br>পূর্বে- শালিখা উচ্চ বিদ্যালয়, সোনাতলা, বগুড়া<br>পশ্চিমে- সোনাতলা সরকারী মডেল স্কুল এন্ড কলেজ, বগুড়া<br>উত্তরে- কামালেরপাড়া উচ্চ বিদ্যালয়, সাঘাটা, গাইবান্ধা<br>দক্ষিণ- সবুজ সাথী উচ্চ বিদ্যালয়, সোনাতলা, বগুড়া | উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়া-এর সনদ মূলে, তারিখ- ২২/০৮/২০২২ |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় .............

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ? | প্রতি ১০,০০০/- জনসংখ্যার জন্য ০১ টি হিসেবে | মোট বিদ্যালয়ের সংখ্যা- ২৪ টি<br>প্রাপ্যতা- ১৯ টি, অতিরিক্ত- ০৫ টি<br>২০১১ সালের আদমশুমারী অনুযায়ী। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনাতলা, বগুড়া-এর সনদ মূলে, তারিখ-০৬/০৯/২০২২ |
| ৭. | সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে) | | ৭৫ শতক ।<br>খাজনা খারিজ আছে। | কপি সংযুক্ত |
| ৮. | জমি প্রাপ্তির উৎস | | আব্দুস সাত্তার আকন্দ ও আলতাফুন নেছা শিক্ষা ফাউন্ডেশনের পক্ষে দাতা মোঃ জাহাঙ্গীর আলম (নান্নু) আকন্দ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি ৭৫ শতক জমি দান করেছেন। | কপি সংযুক্ত |
| ৯. | উদ্যোক্তার পরিচয় ও সমাজ সেবায় অবদান | | মোঃ জাহাঙ্গীর আলম (নান্নু) আকন্দ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি। তিনি বিভিন্ন সামাজিক সেবামূলক ও এলাকার উন্নয়নমূলক কর্মকান্ডে জড়িত। গরীব ইয়াতিম ও দুঃখী মানুষের সেবা করে থাকেন। | শর্ত পূরণকৃত |
| ১০. | প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা | | শিক্ষার গুণগত মান বৃদ্ধি ও সর্বস্তরে শিক্ষা প্রসারের জন্য বিদ্যালয়টি স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে। | শর্ত পূরণকৃত |
| ১১. | বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান | | বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতির নিজস্ব তহবিল ও আগ্রহী দানশীল ব্যক্তিদের সহযোগিতা ও বিদ্যালয়ের নিজস্ব জমি থেকে প্রাপ্ত আয় থেকে অর্থের সংস্থান হয়ে থাকে। | শর্ত পূরণকৃত |

১২. পরিদর্শনকারী কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০২৮.১৭(অংশ)-১১৪ তারিখ ঃ ২৬ ফেব্রুয়ারি ২০২০ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ০৮/০৩/২০২০ তারিখের আদেশে বগুড়া জেলার সোনাতলা উপজেলাধীন **"জাহাঙ্গীর আলম গুড মর্নিং স্কুল ও কলেজ"** নামে একটি নতুন প্রতিষ্ঠান স্থাপনের যৌক্তিকতা যাচাই এর লক্ষ্যে ০৬/০৮/২০২২ তারিখে সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় বিদ্যালয়টি স্থাপনের জন্য আব্দুস সাত্তার আকন্দ ও আলতাফুন নেছা শিক্ষা ফাউন্ডেশনের পক্ষে দাতা মোঃ জাহাঙ্গীর আলম (নান্নু) আকন্দ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি ৭৫ শতক জমি দান করেছেন। নির্ধারিত জমিতে বিদ্যালয়ের নিজস্ব ভবন আছে। পরিদর্শনকালে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। প্রতিষ্ঠান এলাকায় বিভিন্ন শ্রেণি পেশার মানুষের বসবাস। তাদের সন্তানদের পড়ালেখার জন্য প্রতিষ্ঠানটি স্থাপনের যৌক্তিকতা আছে বলে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে **"জাহাঙ্গীর আলম গুড মর্নিং স্কুল ও কলেজ"** স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

২৫/৯/২০২২

(হোসনে আরা আরজু)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।